# উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ফেব্রুয়ারি, ২০২০

# উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১শাখা)
www.lgd.gov.bd.

নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪

তারিখ: ফাল্গুন ১৪২৬। / ফেব্রুয়ারি ২০২০।

প্রেরক: হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক: চেয়ারম্যান
............................উপজেলা পরিষদ
জেলা........................................।

**বিষয়: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগ-এর স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-১০৬৭; তারিখ: ১০ নভেম্বর ২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সম্পদের ভিত্তিতে গঠিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল স্থানীয় উন্নয়ন কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখে । সীমিত অথচ গুরুত্বপূর্ণ স্থানীয় সম্পদ ব্যবহারে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে ইতঃপূর্বে সূত্রোল্লিখিত স্মারকে স্থানীয় সরকার বিভাগ থেকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার ও ব্যয় সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। বাস্তবতার নিরিখে জারিকৃত উক্ত নীতিমালার কতিপয় ধারা সংশোধন ও সংযোজন করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ সাথে প্রেরণ করা হলো।

৩. এ নির্দেশিকা জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৬/২/২০২০
হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪/১(৮)

তারিখ: ফাল্গুন ১৪২৬। / ফেব্রুয়ারি ২০২০।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. বিভাগীয় কমিশনার (সকল)........................................................বিভাগ।
২. জেলা প্রশাসক (সকল) ..............................................................জেলা।
৩. পরিচালক, স্থানীয় সরকার (সকল).................................................বিভাগ।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)..............................................জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................উপজেলা.................জেলা।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল).............উপজেলা পরিষদ.............জেলা।

১৬.০২.২০২০
(নুমেরী জামান)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-

তারিখ: ফাল্গুন ১৪২৬। / ফেব্রুয়ারি ২০২০।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৫. সদস্য (কাযর্ক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৬. মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।

৭. মহাপরিচালক, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ।

৮. প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, আগারগাঁও/কাকরাইল, ঢাকা।

৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

১৮.০২.২০২০

(নুমেরী জামান)
উপসচিব

# উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০

উপজেলা পদ্ধতি চালু হওয়ার পর বিলুপ্ত স্থানীয় সরকার (উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন পুনর্গঠন) অধ্যাদেশ, ১৯৯৮-এ প্রত্যেক উপজেলার জন্য একটি নিজস্ব তহবিল গঠনের বিধান ছিল। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এ উপজেলা পরিষদের নিজস্ব তহবিল গঠনের বিধান আছে। প্রতি বছর উপজেলা পরিষদ আয় থেকে নির্ধারিত ব্যয় সম্পন্ন করার পর উদ্বৃত্ত অর্থ পরবর্তী বছরের উন্নয়ন জমায় অন্তর্ভুক্ত হওয়ার বিধান রয়েছে। উপজেলা পদ্ধতি চালু হওয়ার পর সময়ে সময়ে পরিপত্র জারি করে এ তহবিলের ব্যবহারের শৃঙ্খলা আনয়ন করা হয়েছে। উন্নয়ন কর্মকান্ড গতিশীল করা, সীমিত স্থানীয় সম্পদ ব্যয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যয়ের জন্য জারিকৃত সকল নির্দেশনা/নীতিমালা/নির্দেশ বাতিল করে স্থানীয় সরকার বিভাগের গত ১০ নভেম্বর ২০১৪ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-১০৬৭ নং স্মারকের নতুন নির্দেশিকা জারি করা হয়। বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে উক্ত নির্দেশিকা কতিপয় অনুচ্ছেদ সংশোধন ও সংযোজনপূর্বক নিম্নরূপ নির্দেশিকা জারি হলো। সরকার আশা করে যে, উল্লিখিত নির্দেশিকা রাজস্ব তহবিলের সদ্ব্যবহারও যথাযথ প্রকল্প বাস্তবায়নে সহায়ক হবে।

১. **উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উৎস:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল স্থানীয় সম্পদের ভিত্তিতে গঠিত হবে। এর উৎস হবে উপজেলা পরিষদের বাসাবাড়ি থেকে প্রাপ্ত আয়; উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ৪র্থ তফসিলে বর্ণিত পরিষদ আরোপিত বিভিন্ন কর/রেট/ফি/টোল বাবদ প্রাপ্ত অর্থ; হাট-বাজার ইজারালব্ধ অর্থ (অবশিষ্ট ৪১%); স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ রেজিস্ট্রেশন ফিসের ১% এবং আদায়কৃত ভূমি উন্নয়ন 'কর' এর ২%; পরিষদে ন্যস্ত বা তৎকর্তৃক পরিচালিত সম্পত্তি থেকে প্রাপ্ত আয় বা মুনাফা; প্রতিষ্ঠান বা ব্যক্তি থেকে প্রদত্ত অনুদান; পরিষদের অর্থ বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফা; উপজেলা পরিষদ থেকে প্রাপ্ত অন্য কোন অর্থ; সরকারের নিদের্শে পরিষদে ন্যস্ত অন্যান্য আয়ের উৎস থেকে প্রাপ্ত অর্থ।

২. **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল পরিচালনা:** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমাকৃত সকল অর্থ সরকারি ট্রেজারির কার্য পরিচালনাকারী কোন ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হবে। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা যৌথভাবে এ তহবিল পরিচালনা করবেন।

৩. **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয়ের ক্ষেত্রসমূহ:** প্রচলিত আর্থিক বিধি-বিধান ও রীতিনীতি যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে শর্তসাপেক্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ব্যয় করা যাবে:

| ক্র: নং | বিবরণ |
|---|---|
| ক | **উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ:** উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে করা যাবে। তবে এক্ষেত্রে কোন অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার বেশি ব্যয় করা যাবে না এবং এ ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা ও সমতার নীতি অবলম্বন করতে হবে। রাজস্ব তহবিলের অর্থ দ্বারা স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন ব্যতিত কোন নতুন ভবন নির্মাণ বা কোন ভবন সম্প্রসারণ করা যাবে না। |
| খ | **জাতীয় দিবস উৎযাপন:** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উৎযাপন করা যাবে। এ ক্ষেত্রে অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশী ব্যয় করা যাবে না। |
| গ | **উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ :** স্থানীয় সরকার বিভাগের গত ২১ আগস্ট ২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৩৯.২০১২-১৩১৪ নং স্মারক অনুযায়ী উপজেলা পরিষদের কমপ্লেক্সের অভিন্ন সীমানা প্রাচীর এবং ১৮ মে ২০১৫ তারিখের ৪৬.০৪৫.০২০.০৯.০৩.০০৩.২০১৪- ৫৪২ নং স্মারক অনুযায়ী উপজেলা পরিষদের অভিন্ন প্রধান ফটক নির্মাণের জন্য উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকলে একাধিক অর্থ বছরে তা বাস্তবায়ন করা যাবে । কোন অবস্থাতেই উন্নয়ন তহবিলের অর্থে সীমানা প্রাচীর নির্মাণ করা যাবে না। সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অবশ্যই যথাযথভাবে প্রতিপালন করতে হবে। |

| | |
|---|---|
| ঘ | **অপ্রত্যাশিত খাতে ব্যয়:** কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পুনর্বাসন, ঘুর্ণিঝড়, বন্যা, প্রাকৃতি দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে সর্ব্বোর্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে । বাস্তব পরিস্থিতির আলোকেই এরুপ ব্যয়ে সতর্ক ও যুক্তিপূর্ণ সিদ্ধান্ত নিতে হবে। |
| ঙ | **এডিপি অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প:** যে সব প্রকল্প এডিপি বা সরকারের অর্থায়নে গৃহীত ও বাস্তবায়িত হয় সে সব প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা বাস্তবায়ন করা যাবে না। এরুপ কোন প্রকল্প গৃহীত ও বাস্তবায়িত হলে তা আর্থিক অনিয়ম ও ক্ষমতার অপব্যবহার হিসেবে বিবেচিত হবে। |
| চ | **অফিস সরঞ্জাম ক্রয়:** উপজেলা পরিষদের TO & E-তে অন্তর্ভূক্ত কোন অফিস সরঞ্জাম উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সংগ্রহ/ক্রয় করা যাবে। তবে এ ব্যয় কোনক্রমেই এক বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ)টাকার বেশি হবে না। |
| ছ | **আসবাবপত্র সংগ্রহ/মেরামত:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ/মেরামত করা যাবে। এ খাতে মেরামত ব্যয় বছরে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমিত থাকবে। নতুন আসবাবপত্র ক্রয় খাতে ব্যয় বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমিত থাকবে। |
| জ | **আপ্যায়ন ব্যয়:**<br>(১) উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ ৩০,০০০/-(ত্রিশ হাজার) পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে।<br>(২) ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের)টি উপজেলা কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা আপ্যায়নের জন্য ব্যয় করা যাবে। |
| ঝ | **আনুষঙ্গিক:** সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবে না। |
| ঞ | **অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত:** সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অফিস সরঞ্জামাদি যেমন কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন ইত্যাদি রক্ষণাবেক্ষণ/মেরামত করা যাবে। তবে রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে বার্ষিক সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবে না। |
| ট | **পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত:** পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদি উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাবে। |
| ঠ | **অডিট ফি:** স্থানীয় সরকার বিভাগ থেকে নিযুক্ত অডিট ফার্মের ফি সরকার অনুমোদিত রেটে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাবে। |
| ড | **মামলা পরিচালনা ব্যয়:** উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর আওতায় উপজেলা পরিষদের স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যাবে। তবে এ ব্যয় সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত সার্কুলার/আদেশ অনুযায়ী হতে হবে। ব্যক্তিগত দায় সংক্রান্ত কোন মামলার এ অর্থ দ্বারা পরিচালনা করা যাবে না। |
| ঢ | **বিদ্যুৎ/টেলিফোন বিল, ভুমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ:** বিদ্যুৎ বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল, টেলিফোন বিল, ইন্টারনেট বিল, ভূমি উন্নয়ন কর, পৌর কর/হোল্ডিং ট্যাক্স, গ্যাস বিল ইত্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিধি মোতাবেক পরিশোধ করা যাবে। |
| ণ | **যানবাহন মেরামত:** স্থানীয় সরকার বিভাগের ২৪ এপ্রিল ২০০৫ তারিখের স্থাসবি/উ-১/গাড়ি/(২)-২/৯৯/৯৩(৪৭২) নং স্মারক অনুসরণপূর্বক উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ)টাকা ব্যয় করা যাবে। |

| | |
|---|---|
| ত | **মালি/সুইপার নিয়োগ:** সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি ও একজন সুইপার নিয়োগ করা যাবে। |
| থ | **এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে নিম্নরূপ ব্যয় নির্বাহ করা যাবে:**<br>(১) হস্তান্তরিত সায়রাত মহলের আয় হতে সরকারি পাওনা পরিশোধ;<br>(২) পরিষদ কর্তৃক কর আদায়ের জন্য ব্যয়। |
| দ | **সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক সর্ব্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা যাবে। সৌর বিদ্যুৎ প্যানেল রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে বার্ষিক সর্ব্বোর্চ্চ ১০,০০০/-(দশ হাজার) টাকা ব্যয় করা যাবে। |
| ধ | **উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা:** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা প্রদান করা যাবে। |
| ন | **ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয়:** মোবাইল কোর্টের চাহিদা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ফরমালিন বা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর অন্যান্য রাসায়নিক দ্রব্য সনাক্তকরণের জন্য কিট ও সরঞ্জামাদি ক্রয় করা যাবে। তবে এ বিষয়ে এক অর্থ বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশী ব্যয় করা যাবে না। এক অর্থ বছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশী ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে। |
| প | **ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে। |
| ফ | **মশা নিধন:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে প্রতিটি ইউনিয়নে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় করা যাবে। |
| ব | **প্রকাশনা:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রকাশনা ব্যয় নির্বাহের জন্য প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। |
| ভ | **বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা:** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। |
| ম | **নিরাপত্তা খাত (আনসার):** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। |

৪. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ তে নির্দেশিত ব্যয়সীমার অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে অথবা বর্ণিত (ক্রমিক নং-৩ এর ক-ম) পর্যন্ত খাতের বাহিরে অন্য খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র এবং উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

**৫. অনুচ্ছেদ-৩ (ক-ম) পর্যন্ত ব্যয়ের পর অবশিষ্ট অর্থ:**

(ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক-ম) ব্যয়ের পর অর্থ বছরের শেষ হওয়ার পূর্বে উন্নয়নমূলক কোন অতি জরুরি প্রকল্প বাস্তবায়নের আবশ্যতা দেখা দিলে অর্থ বছরের অবশিষ্ট সময়ের জন্য উপজেলা পরিষদের নির্ধারিত পরিচালনা ব্যয়ের দেড়গুণ (১৫০%) অর্থ সংরক্ষিত রেখে অবশিষ্ট অর্থ থেকে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক উপজেলা পরিষদের সকল বিধি-বিধান অনুসরণ করে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের পর ব্যয় করা যাবে।

(খ). উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৫(ক) নং খাতের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ সভায় অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক প্রকল্পের তালিকা প্রণয়ন করে উপজেলা পরিষদের সভায় অনুমোদনক্রমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। প্রকল্প অনুমোদনের জন্য প্রেরিত অগ্রায়ণ পত্রে প্রকল্পের নাম আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে। প্রকল্পের সংখ্যা ১০ (দশ) টির বেশী হলে প্রকল্প তালিকার সফট কপি (সিডি/পেনড্রাইভ) প্রেরণ করতে হবে। খন্ড খন্ডভাবে প্রকল্প গ্রহণ করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা যাবে না। প্রকল্প বাস্তবায়নে সংশোধিত প্রাক্কলন প্রণয়নের প্রবণতা পরিহার করতে হবে।

(গ). দৈব দুর্বিপাক বা অন্য যে কোন জরুরি প্রয়োজনে সংরক্ষিত অর্থ থেকে ব্যয়ের প্রয়োজন হলে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করে ব্যয় করা যাবে। **রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরে ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে জমা করতে হবে।**

৬. উপজেলা পরিষদের যাবতীয় টেন্ডার শিডিউল বিক্রয়লব্ধ আয় (যদি থাকে) প্রচলিত বিধানমতে সরকারের কোষাগারে জমা প্রদান করতে হবে। টেন্ডার শিডিউল বিক্রয়ের অর্থ রাজস্ব তহবিল গণ্যে ব্যয় করা যাবে না।